বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
(সেচ)

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
লালমনিরহাট রিজিয়ন (লালমনিরহাট+কুড়িগ্রাম)
বিএডিসি কমপ্লেক্স, মহেন্দ্রনগর
লালমনিরহাট
টেলিফোন: ০২৫৮৭৭১৪১০৫
ই-মেইল: xenlalmonirhat.badc@yahoo.com

Office of the Executive Engineer
Lalmonirhat Region (Lalmonirhat+Kurigram)
BADC Complex, Mohendranagar
Lalmonirhat
Telephone: 02587714105
E-mail: xenlalmonirhat.badc@yahoo.com

নং-১২.০৬.৫২০০.৬৫২.১৮.০০৫.২৩-১৪২১

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩৩ / ০৭ মে ২০২৫

# পরিপত্র

বিষয়: সরকারি ক্রয় প্রক্রিয়ায় আর্থিক দর প্রণয়ন ও মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা

সম্মানিত সকল ইকোনমিক অপারেটরকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি বিভিন্ন ক্রয়কারী (Procuring Entity) কর্তৃক আহূত দরপত্রের বিপরীতে কতিপয় দরপত্রদাতা অত্যধিক নিম্নদরে বা নামমাত্র দরে দরপত্র দাখিল করছেন। ক্ষেত্রবিশেষে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের তুলনায় অস্বাভাবিক নিম্নদর *(যেমন: ৫০%, ৬০%, ৯০% এমনকি ৯৯% পর্যন্ত)* দাখিলের প্রবণতা পরিলক্ষিত হচ্ছে, যা বাস্তবতা ও বাজারদরের সাথে অসামঞ্জস্যপূর্ণ এবং অগ্রহণযোগ্য। পিপিআর ২০২৫ কার্যকর হওয়ার প্রেক্ষাপটে ক্রয়কারীগণের যাচিত একাধিক ঘটনা পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াকে প্রভাবিত করার লক্ষ্যে নির্দিষ্ট কোনো দরপত্রদাতাকে সুবিধা প্রদানের উদ্দেশ্যে কতিপয় দরপত্রদাতা পারস্পরিক যোগসাজসে কৃত্রিম ও বাস্তবতাবিবর্জিত দর প্রদান করছেন। এ ধরনের কার্যক্রমের ফলে সুষ্ঠু প্রতিযোগিতা ব্যাহত হওয়া, প্রকৃত দরদাতা বঞ্চিত হওয়া এবং অত্যধিক নিম্নদরে চুক্তি সম্পাদনের কারণে কাজ বাস্তবায়নে ঝুঁকি সৃষ্টি হচ্ছে। বিষয়গুলো বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটির *(বিপিপিএ)* পর্যবেক্ষণে উঠে এসেছে।

সম্মানিত সকল ইকোনমিক অপারেটরকে অবগত করা যাচ্ছে যে, পিপিআর ২০২৫-এর বিধি ১৪৯ অনুযায়ী বর্ণিত ধরনের কার্যক্রম *'চক্রান্তমূলক কর্ম'* হিসেবে পরিগণিত, যা পেশাগত অসদাচরণের শামিল। এছাড়া বিধি ৪২(২) ও (৩) অনুযায়ী দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াকে প্রভাবিত করার কোনো প্রচেষ্টা গ্রহণযোগ্য নয় এবং এ ধরনের প্রচেষ্টা প্রমাণিত হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণযোগ্য। বিগত সময়ে পিপিআর ২০০৮ অনুযায়ী প্রযোজ্য মূল্যসীমা (Price Capping) বাতিল করা হয়েছে এবং পিপিআর ২০২৫-এ উল্লেখযোগ্যভাবে কমমূল্যের (Significantly Low Priced Tender) দরপত্রসমূহ তফসিল-১৮ অনুযায়ী যাচাইয়ের বিধান প্রবর্তন করা হয়েছে, যা আন্তর্জাতিকভাবে স্বীকৃত উত্তম চর্চার অভিযোজিত রূপ।

**অতএব, নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ) লালমনিরহাট রিজিয়নের আওতার সকল দরপত্র দাখিলের ক্ষেত্রে সম্মানিত সকল দরপত্রদাতা/ইকোনমিক অপারেটরকে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণের জন্য অনুরোধ করা যাচ্ছে:**

১. মূল্যসীমা (Price Capping) বর্তমানে প্রযোজ্য নয়; তবে বাজারদর, বাস্তব ব্যয় ও প্রযুক্তিগত সক্ষমতার ভিত্তিতে যৌক্তিক ও বাস্তবসম্মত দর প্রস্তাব নিশ্চিত করতে হবে;
২. কোনো অবস্থাতেই কৃত্রিম, অবাস্তব বা উদ্দেশ্যপ্রণোদিতভাবে অস্বাভাবিক নিম্নদরে দরপত্র দাখিল করা যাবে না;
৩. পারস্পরিক যোগসাজসের মাধ্যমে দর নির্ধারণ সম্পূর্ণরূপে নিষিদ্ধ; এ ধরনের কার্যক্রম পিপিআর ২০২৫ অনুযায়ী 'চক্রান্তমূলক কর্ম' হিসেবে গণ্য হবে;
৪. দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রভাবিত করার কোনো প্রচেষ্টা গ্রহণযোগ্য হবে না। কোনো দরপত্রদাতা (ইকোনমিক অপারেটর) বা আবেদনকারী দরপত্র, কোটেশন, আবেদনপত্র, আগ্রহব্যক্তকরণপত্র বা প্রস্তাব মূল্যায়ন বা চুক্তিসম্পাদন সংক্রান্ত ক্রয়কারীর সিদ্ধান্ত প্রভাবিত করার চেষ্টা করলে উক্ত দরপত্র/প্রস্তাব বাতিলক্রমে আইনের ধারা ৬৪(৫) এবং পিপিআর ২০২৫-এর বিধি ৪২(২) ও (৩) অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৫. দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের তুলনায় অস্বাভাবিকভাবে নিম্নদরে দর প্রস্তাব দাখিল করা হলে উক্ত দরসমূহ মূল্যায়নকালে বিশ্লেষণ ও যাচাইযোগ্য হবে; সেক্ষেত্রে দরপত্রদাতাকে তার প্রস্তাবের যৌক্তিকতা, বিশদ রেট অ্যানালাইসিস এবং কাজ বাস্তবায়নের সক্ষমতা সন্তোষজনকভাবে উপস্থাপন করতে হবে;
৬. কোনো দর বাস্তবতাবিবর্জিত বা উদ্দেশ্যপ্রণোদিত বলে প্রতীয়মান হলে তা মূল্যায়নের ক্ষেত্রে বিশেষভাবে বিবেচিত হবে এবং প্রয়োজনে পিপিআর ২০২৫-এর বিধি ৪২(২) অনুযায়ী মূল্যায়ন প্রক্রিয়াকে প্রভাবিত করার প্রচেষ্টা হিসেবে গণ্য করা হতে পারে;
৭. পিপিআর ২০২৫-এর তফসিল-১৮ অনুযায়ী 'Significantly Low Priced Tender' হিসেবে বিবেচিত হলে দরপত্রদাতাকে প্রয়োজনীয় ব্যাখ্যা ও প্রমাণাদি দাখিল করতে হবে; সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করতে ব্যর্থ হলে দরপত্র বাতিলযোগ্য হবে;
৮. চক্রান্তমূলক কার্যক্রম বা অনিয়মের প্রমাণ পাওয়া গেলে পিপিআর ২০২৫-এর বিধি ১৪৯(২)(গ) অনুযায়ী দরপত্র বাতিলসহ আবশ্যিকভাবে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সরকারি ক্রয় প্রক্রিয়ায় সুষ্ঠু প্রতিযোগিতা, গুণগত মান ও সময়মতো বাস্তবায়ন নিশ্চিত করতে এ নির্দেশনা প্রতিপালনীয়।

07/5/26

(মোঃ জাহিদ আনছারী)
পরিচিতি সং- ০৩০২৬৭
নির্বাহী প্রকৌশলী